

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০১৬

বিশালগড়, ১৮ সেপ্টেম্বর, ২০২৩

প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ

সিপাহীজলা জেলায় ২৫,৫৩১টি পরিবারকে আবাস

প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ প্রকল্পে চলতি অর্থবছরে সিপাহীজলা জেলায় ২৫ হাজার ৫৩১টি পরিবারকে পাকা আবাস নির্মাণের মঞ্জুরী দেওয়া হয়েছে। এই প্রকল্পে জেলার বিশালগড় ব্লকে ৪ হাজার, বক্সনগর ব্লকে ২ হাজার ২৬৫, চড়িলাম ব্লকে ৩ হাজার ৪৪০, জম্পুইজলা ব্লকে ৫ হাজার ৫৭, কাঁঠালিয়া ব্লকে ৪ হাজার ৮১৮, মোহনভোগ ব্লকে ১ হাজার ৯৯০ ও নলছড় ব্লকে ৩ হাজার ৯৬১টি পরিবার উপকৃত হবে। প্রতিটি আবাস নির্মাণে ১ লক্ষ ৩০ হাজার টাকা করে ব্যয় হবে।
